গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০০০.০২৭.১৫.০০০১.২৬.৭৮

তারিখ: ৭ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
২১ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**
সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

**২। আজ ২০ মার্চ ২০২৬ দুপুর ২.৩০ মিনিট থেকে দিবাগত রাত ০১ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

যশোর, খুলনা, ঢাকা, ফরিদপুর, মাদারীপুর, বরিশাল, ভোলা, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, রাঙ্গামাটি এবং চট্টগ্রাম অঞ্চলসমূহের উপর দিয়ে পশ্চিম/উত্তর-পশ্চিম দিক থেকে ঘন্টায় ৬০-৮০ কি:মি: বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ২ নম্বর (পুন:) ২ নম্বর নৌ হুশিয়ারী সংকেত দেখাতে বলা হয়েছে।

তাছাড়া, ময়মনসিংহ, টাঙ্গাইল এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে পশ্চিম/উত্তর-পশ্চিম দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি:মি: বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে **১** নম্বর (পুন:) **১** নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**৩। আজ (২০.০৩.২০২৬ তারিখ সকাল ০৯ টা হতে পরবর্তী ১২০ ঘন্টার আবহাওয়ার পূর্ভাবাস):**

**সিনপটিক অবস্থা:** লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।

**পূর্বাভাসঃ**

**প্রথম দিন (২০.০৩.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া ও বিদ্যুৎচমকানোসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলাবৃষ্টির সম্ভাবনা রয়েছে।

**তাপমাত্রা:** সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য কমতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**দ্বিতীয় দিন (২১.০৩.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া ও বিদ্যুৎচমকানোসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলাবৃষ্টির সম্ভাবনা রয়েছে।

**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে।

**তৃতীয় দিন (২২.০৩.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া ও বিদ্যুৎচমকানোসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলাবৃষ্টির সম্ভাবনা রয়েছে।

**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে ।

**চতুর্থ দিন (২৩.০৩.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া ও বিদ্যুৎচমকানোসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলাবৃষ্টির সম্ভাবনা রয়েছে।

**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে ।

**পঞ্চম দিন (২৪.০৩.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া ও বিদ্যুৎচমকানোসহ বৃষ্টি/বজস্র হ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে।

**বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থা:** দিন ও রাতের তাপমাত্রা আরোও বাড়তে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | রাজশাহী | রংপুর | ময়মনসিংহ | সিলেট | চট্রগ্রাম | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩২.০ গোপালগঞ্জ | ৩১.৮ রাজশাহী | ৩১.০ ডিমলা | ৩১.০ নেত্রকোনা | ৩২.০ শ্রীমঙ্গল | **৩৪.৫ রাঙ্গামাটি** | ৩৩.০ খুলনা | ৩৩.০ পটুয়াখালী |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২১.৫ নিকলি | ২১.৮ বদলগাছী ও তাড়াশ | **১৯.০ সৈয়দপুর ও রাজারহাট** | ২০.২ ময়মনসিংহ | ২০.০ সিলেট ও শ্রীমঙ্গল | ২১.৮ কুমিল্লা | ২১.৫ চুয়াডাঙ্গা | ২৩.০ খেপুপাড়া |

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল **রাঙ্গামাটি ৩৪.৫°** এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা **সৈয়দপুর ও রাজারহাট ১৯.০°** ।

(তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)

**বজ্রবৃষ্টি ও বজ্রপাতের সময় করণীয়:**

- বজ্রপাত হলে ঘরের মধ্যে থাকুন;
- জানালা ও দরজা বন্ধ রাখুন;
- সম্ভব হলে যাত্রা এড়িয়ে চলুন;
- নিরাপদ আশ্রয়ে আশ্রয় নিন;
- গাছের নিচে আশ্রয় নেবেন না;
- কংক্রিটের মেঝেতে শয়ন করবেন না এবং কংক্রিটের দেয়ালে হেলান দেবেন না;
- বৈদ্যুতিক ও ইলেক্ট্রনিক ডিভাইসগুলির প্লাগ খুলে দিন;
- জলাশয় থেকে তাৎক্ষণিকভাবে উঠে আসুন;
- বিদ্যুৎ পরিবাহক বস্তু থেকে দূরে থাকুন;
- শিলা বৃষ্টির সময় ঘরে অবস্থান করুণ।

### ৪। বৃষ্টিপাত ও নদ-নদীর অবস্থা:

### (০৬ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ / ২০ মার্চ, ২০২৬ খ্রি.)

### এক নজরে হাওর অঞ্চলের নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাসঃ

- দেশের উত্তর-পূর্বাঞ্চলের হাওর অববাহিকার সুরমা-কুশিয়ারা ও ভুগাই-কংস নদীসমূহের পানি সমতল বিগত ২৪ ঘণ্টায় হ্রাস পেয়েছে, অপরদিকে ধনু-বাউলাই নদীসমূহের পানি সমতল স্থিতিশীল আছে; এবং নদীসমূহ প্রাক-মৌসুমী বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।

বিগত ২৪ ঘণ্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চলের হাওর অববাহিকায় ও দেশের উজানে উল্লেখযোগ্য বৃষ্টিপাত পরিলক্ষিত হয়নি। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ও বৈশ্বিক আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, দেশের উত্তর-পূর্বাঞ্চলের হাওর অববাহিকায় আগামী ০৩ দিন মাঝারি থেকে মাঝারি-ভারি বৃষ্টিপাতের পূর্বাভাস রয়েছে।

আগামী ২৪ ঘণ্টা উত্তর-পূর্বাঞ্চলের হাওর অববাহিকার সুরমা-কুশিয়ারা নদীসমূহের পানি সমতল হ্রাস পেতে পারে ও পরবর্তী ০২ দিন স্থিতিশীল থাকতে পারে, অপরদিকে ভুগাই-কংস ও ধনু-বাউলাই নদীসমূহের পানি সমতল আগামী ০৩ দিন স্থিতিশীল থাকতে পারে। সকল নদীসমূহ প্রাক-মৌসুমী বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে ; এই সময় অত্র অঞ্চলে বন্যা পরিস্থিতি সৃষ্টির সম্ভাবনা কম।

৫। অগ্নিকান্ড তথ্য:

(ক) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১৮ মার্চ ২০২৬ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা থেকে ১৯ মার্চ ২০২৬ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট **১৯ টি** অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরুপ:

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৩ | ১ | ০ |
| ২। | ময়মনসিংহ | ০ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ২ | ০ | ০ |
| ৪। | সিলেট | ০ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ৩ | ০ | ০ |
| ৬। | চট্টগ্রাম | ৪ | ০ | ০ |
| ৭। | খুলনা | ৭ | ০ | ০ |
| ৮। | রংপুর | ০ | ০ | ০ |
| | **মোট** | **১৯** | **১** | **০** |

২১-০৩-২০২৬
মোঃ জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন : ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স : ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল : controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১, এনডিআরসিসি অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০০০.০২৭.১৫.০০০১.২৬.৭৮/১ (১৭)

তারিখ: ৭ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
২১ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।
৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়।
৬। সচিব, সচিবের দপ্তর , প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৭। সচিব , সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৮। সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৯। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১০। বিভাগীয় কমিশনার (সকল)।
১১। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।।
১২। জেলা প্রশাসক (সকল)।
১৩। উপপরিচালক, প্রশাসন-১ অধিশাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১৪। উপপরিচালক, প্রশাসন-২ অধিশাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১৬। নির্বাহী প্রকৌশলী (পুর), বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এবং

১৭। প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।